

## শিক্ষার পরিবেশ বজায় রাখা শিক্ষক-শিক্ষার্থীদের দায়িত্ব : বাণিজ্যমন্ত্রী

জাতি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের 'চার,দশক পূর্তি ও অ্যালামনাই পুনর্মিলনী' যৌথভাবে গুরুবার রসায়ন বিভাগ চত্বরে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এগপি বলেছেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সৃষ্টি ও স্বাভাবিক পরিবেশ বজায় রাখা শিক্ষক-শিক্ষার্থীদের নৈতিক দায়িত্ব। দেশের উন্নতি ও অগ্রগতি সাধনে বিশ্ববিদ্যালয়ের ভূমিকা রয়েছে। নতুন জ্ঞান সৃষ্টির মাধ্যমে দেশ ও জনগণের কল্যাণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-পরিষেকের অবদান রাখতে পারেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতায় করেন পাবলিক সার্ভিস কমিশনের সদস্য, বিশ্ববিদ্যালয়ের সাবেক ডি.সি ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. শরীফ এনায়েত কবির, ঢাকা-১৯ (সভার) আসনের সংসদ সদস্য ডা. এনামুর রহমান, ডি.সি অধ্যাপক ড. ফারজানা ইসলাম। রসায়ন বিভাগের সভাপতি ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. ইলিয়াস শোভার সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. ওয়াহিদুজ্জামান।

অনুষ্ঠানে রসায়ন শিক্ষায় বিশেষ অবদানের জন্য অধ্যাপক ড. কালিপদ কুতুব, অধ্যাপক ড. কাজী আলী আজম, অধ্যাপক ড. আবুল হাশেম, অধ্যাপক ড. আবদুল হাই, অধ্যাপক ড. রবিউল ইসলাম এবং সাবেক ছাত্র নূর উদ্দিন ও ড. মো: আশীকে সম্মাননা স্মারক দেয়া হয়। এর আগে সকাল ১০টায় বিভাগের সাবেক ও বর্তমান শিক্ষক ও শিক্ষার্থীরা এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করেন। শোভাযাত্রাটি বিভাগ থেকে শুরু হয়ে শহীদ মিনার ঘুরে বিভাগে এসে শেষ হয়। দিনব্যাপী অনুষ্ঠানে উদ্বোধনী অনুষ্ঠানের পর সাবেক ও বর্তমান ছাত্র-শিক্ষকদের স্মৃতিচারণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।